৩৭

তারিখ ... ২৯ JUL 1997 ...
পৃষ্ঠা .../... কলাম ... ......

দৈনিক বাংলা

# আজ ঢাকায় শিক্ষা ও সাংস্কৃতিক উৎসব শুরু

শিক্ষাঙ্গনে নৈরাজ্য ও সন্ত্রাসের বিপরীতে আজ মঙ্গলবার থেকে ঢাকা মহানগরীতে শুরু হবে শিক্ষা, সাহিত্য ও সাংস্কৃতিক উৎসব। ঢাকা মহানগরীর সঙ্গে বৃহত্তর ঢাকার সকল স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরাও এ উৎসবে যোগদান করবে। খবর তথ্য বিবরণীর।

ঢাকা সিটি কর্পোরেশনের মেয়র মোহাম্মদ হানিফ 'আনন্দের মাধ্যমে অনুকূল পরিবেশে শিক্ষা' শীর্ষক এ কর্মসূচীর শুভ উদ্বোধন করবেন। সকাল ১১ টায় জাতীয় প্রেসক্লাব থেকে ঢাকার ঐতিহ্যবাহী যান টমটম ও ঘোড়ার গাড়ি সহযোগে এক বর্ণাঢ্য শোভাযাত্রার মাধ্যমে পাঁচদিনব্যাপী এ উৎসব শুরু হবে। শোভাযাত্রা শেষে পুরনো ঢাকার ঐতিহ্যবাহী শেখ বোরহানউদ্দীন কলেজে মূল অনুষ্ঠানগুলি অনুষ্ঠিত হবে। শেখ বোরহানউদ্দীন কলেজের অধ্যক্ষ কাজী ফারুক আহমেদ উদ্বোধনী অনুষ্ঠানে সভাপতিত্ব করবেন। ঢাকা বিশ্ববিদ্যালয়ের ছাত্র-শিক্ষক কেন্দ্রে আগামী ২ আগস্ট সমাপনী অনুষ্ঠান হবে।

শিক্ষা, সাহিত্য ও সাংস্কৃতিক উৎসবে ছাত্র-ছাত্রীরা বিভিন্ন পর্যায়ে ধারাবাহিক গল্পবলা, মূকাভিনয়, তাৎক্ষণিক ছবি আঁকা, বাংলা ও ইংরেজীতে নির্ধারিত বক্তৃতা, বাংলা ও ইংরেজীতে উপস্থিত বক্তৃতা, আবৃত্তি, নজরুল ও রবীন্দ্র সঙ্গীত দেশাত্মবোধক গান লোকগীতি প্রভৃতি বিষয়ে অংশ নেবে।